

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে নেপালের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া সাথে তাঁর কার্যালয়ে নেপালের মান্যবর রাষ্ট্রদূত অধ্যাপক ডা. চপলাল ভুসাল (Prof. Dr. Choplal Bhusal) সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান প্রমুখ উপস্থিত ছিলেন। এসময় দু' দেশের মেডিক্যাল শিক্ষা, চিকিৎসাসেবা এবং এ বিষয়ে পারস্পরিক সহযোগিতা নিয়ে সোহাদ্যপূর্ণ পরিবেশে বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে বর্তমানে নেপালের ২১০ জন ছাত্রছাত্রী মেডিক্যাল শিক্ষায় উচ্চতর কোর্সে অধ্যয়নরত আছেন।

